শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ।
ওয়েব সাইট : www.rdobarishal.gov.bd
ই-মেইল: rdbarishal@gmail.com

মুজিব শতবর্ষ ১৯২০-২০২০

বিষয়: DTE MIS এ শিক্ষার্থীদের ভুল এন্ট্রিজনিত সমস্যা সমাধানের লক্ষ্যে বরিশাল বিভাগের সকল সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সাথে জুম ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজিত সভার কার্যবিবরণী।

সভাপতি: মোঃ ইসরাইল হোসেন, পরিচালক(অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ।

তারিখ ও সময়ঃ ৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ২.৩০ ঘটিকা

সভার মাধ্যম : জুম ভার্চুয়াল প্লাটফর্ম।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট"ক" গুগল ফর্মের মাধ্যমে সংগৃহীত এক্সেল ডকুমেন্ট।

সভাপতি জুম ভার্চুয়াল প্লাটফর্মে যুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি অনুমতিক্রমে পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগের সহকারী আঞ্চলিক পরিদর্শক উপবৃত্তি সেল কারিগরি শিক্ষা অধিদপ্তর ঢাকা থেকে প্রেরিত DTE MIS এ শিক্ষার্থীদের ভুল এন্ট্রিজনিত কারনে যে সকল সমস্যা ও উক্ত সমস্যা সমাধানে করনীয় বিষয়ে আলোকপাত করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | সম্ভাব্য করণীয়/আলোচনা/পর্যালোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | DTE MIS এ শিক্ষার্থীদের তথ্য এন্ট্রিজনিত ভুল সমূহ ও তার কারণে সৃষ্ট সমস্যা | ক) DTE MIS এ শিক্ষার্থীদের ডাটা এন্ট্রিতে সাধারনতঃ ডাবল আইডি তৈরি, একই জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাধিক আইডি বা একাউন্ট তৈরি, জাতীয় পরিচয়পত্রের ভুল নাম্বার এন্ট্রি করা, ভুল অ্যাকাউন্ট নম্বর এন্ট্রি করা, উপবৃত্তি প্রাপ্য শিক্ষার্থীদের থেকে অধিক পরিমানে ডাটা এন্ট্রি করা, টাকা প্রদানের সময় অ্যাকাউন্ট সচল না রাখা, সময়মত শিক্ষার্থীদের তথ্য আপডেট না করা, DTE MIS এ উপবৃত্তি পাপ্য যোগ্য শিক্ষার্থী আইডি সক্রিয় ও অযোগ্য শিক্ষার্থীর আইডি নিষ্ক্রিয় না রাখা ইত্যাদি ভুলগুলি হওয়া এবং ভুলগুলির যেকোন একটি কারণ ঘটলেই শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্যতা থেকে বঞ্চিত হওয়া বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন। | ক) আলোচনার ক্রমিক নং "ক" এ উল্লেখিত সমস্যা গুলির উদ্ভব যাতে না হয় সে ব্যাপারে সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠান সর্বদা সতর্ক থাকবে। |
| ০২. | DTE MIS এ শিক্ষার্থীদের ভুলএন্ট্রিজনিত সমস্যা সমাধানে করণীয় | ক) DTE MIS এ শিক্ষার্থীদের ভুলএন্ট্রিজনিত সমস্যা সমাধানে লক্ষ্যে উপবৃত্তি সেল কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত নিম্নলিখিত বিষয়ে যত্নশীল হওয়ার জন্য সভাপতি মহোদয় সকলকে অনুরোধ করেন।<br>১। কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত DTE MIS-এ ডাটা এন্ট্রি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ভালোভাবে অনুধাবন করে ডাটা এন্ট্রির সাথে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাদের নিয়ে সভার আয়োজন করা।<br>২। সকল পর্ব/শ্রেণীর উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করা।<br>৩। "ছাত্র-ছাত্রী নির্বাচন কমিটি" কর্তৃক উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীদের তালিকা অনুমোদন করা।<br>৪। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত SAF ফর্ম যাচাই-বাছাই করা। | ক) বরিশাল বিভাগের সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট ও টিএসসি সমূহ সভায় আলোচিত ১-৮নংক্রমিকের বিষয়গুলি যথাযথ ভাবে পালন করে নির্ভুল ডাটা এন্ট্রি করবে।<br><br>খ) আঞ্চলিক অফিস ৯ নং ক্রমিকে উল্লেখিত বিষয়টি সর্তকতার সাথে যথাযথভাবে পালন করবে এবং ক্রমিক "খ" এ আলোচিত সমস্যা গুলি নিয়ে সমাধানের বিষয়ে অধিদপ্তরের সাথে আলোচনা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। |

| | | | |
|---|---|---|---|
| | | ৫। একই NID এর অধীন একাধিক একাউন্ট নাম্বার ব্যবহার না করা (একই অভিভাবকের একাধিক সন্তান হলেও ভিন্ন NID ও ভিন্ন একাউন্ট নাম্বার ব্যবহার করা)<br>৬। শিক্ষার্থী কর্তৃক MFS একাউন্ট তৈরি করার পর সেই একাউন্ট নাম্বার প্রদানের বিষয়টি নিশ্চিত করা<br>৭। ফলাফল প্রকাশের পর নিয়মিতভাবে শ্রেণী/পর্ব আপডেট করা।<br>৮। উপবৃত্তিযোগ্য সকল শিক্ষার্থীর তথ্য সঠিক সময়ে আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ।<br>৯। আঞ্চলিক কার্যালয়ের নিকট আগত শিক্ষার্থীদের তথ্য পু নঃ পুনঃ যাচাইবাছাই করে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা। এক্ষেত্রে ভুল তথ্য সংশোধনের জন্য প্রতিষ্ঠানে প্রেরণ করা এবং ভুলের বিষয়ে প্রতিষ্ঠানকে বিস্তারিত অবহিত করা। উপরোক্ত বিষয়ে যত্নশীল হওয়ার ব্যপারে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন।<br>খ) উপরোক্ত বিষয়গুলি সহ সফটওয়্যারে কিছু সংশোধনের জন্য প্রস্তাব রাখেন অধ্যক্ষ বরিশাল পলিটেকনিক ইন্সটিটিউট ও অধ্যক্ষ পিরোজপুর টিএসসি- ১. বাবা মায়ের একাধিক সন্তানের জন্য যৌথ অ্যাকাউন্টের ব্যবস্থা করা। ২. নির্বাচন কমিশনের সাথে লিংক করে জাতীয় পরিচয়পত্র সঠিক অভিভাবক সনাক্ত করা। যে কারনে জাতীয় পরিচয় পত্র ভুল এন্ট্রি হওয়ার কোন সম্ভাবনাই থাকবে না।যেমনটি আছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে।৩. ডাবল আইডি তৈরি হয়ে গেলে তা এডিট করার ব্যবস্থা রাখা। ৪. অপ্রয়োজনীয় ডাটা ডিলিট করার ব্যবস্থা রাখা,৫. আইবাস রির্টানের কারণ গুলি জানানোর ব্যবস্থা করা, ইত্যাদি বিষয়গুলির আশু সমাধানের ব্যাপারে আঞ্চলিক অফিসের মাধ্যমে উপবৃত্তি সেল কারিগরি শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করার বিষয়ে সকলে একমত পোষন করেন। | |
| ০৩. | বিবিধ: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি সংক্রান্ত সমস্যা সমাধানে করণীয় নির্ধারণ। | ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে উপবৃত্তি ডাটা এন্ট্রি ও তথ্য প্রদানের ব্যাপারে উদাসীনতা পরিলক্ষিত হয় এবং তাদের সাথে যোগাযোগ করেলেও পর্যাপ্ত সাড়া পাওয়া যায় না। কারিগরি শিক্ষা অধিদপ্তরের সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট ও টিএসসিগুলিকে নিজ নিজ অধিক্ষেত্রের বেসরকারি প্রতিষ্ঠান গুলিকে তদারকি ও তাদের সাথে একটি নির্ভুল ডাটা এন্ট্রি করার জন্য করণীয় বিষয়ে একটি সভা/কর্মশালা আয়োজন বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। | ক) সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট ও টিএসসি সমূহ জরুরী ভিত্তিতে নিজ নিজ অধিক্ষেত্রের বেসরকারি প্রতিষ্ঠান গুলির সাথে DTE MIS এ শিক্ষার্থীদের নির্ভুল ডাটা এন্ট্রিতে করনীয় বিষয়ে সভা/ কর্মশালা করবে এবং তা আঞ্চলিক অফিসকে অবহিত করবে। |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪.৯.০২২

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব
পরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ

বিতরণঃ

১. অধ্যক্ষ,সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট(সকল), বরিশাল বিভাগ।

২. অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ(সকল) বরিশাল বিভাগ।

৩. অধ্যক্ষ/সুপারিটেনডেন্ট/প্রধান শিক্ষক,এমপিওভুক্ত/ননএমপিওভুক্ত/সংযুক্ত ও স্বতন্ত্রএসএসসি(ভোকেশনাল) স্কুল/মাদ্রাসা/কলেজ/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান(সকল)এবং বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউট(সকল),বরিশাল বিভাগ।

স্মারক নং৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৬৬.২২-৫৬৫(৫)

তারিখ: ৮ সেপ্টেম্বর,২০২২ খ্রিঃ

অনুলিপি:

১। মহাপরিচালক,কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

২। পরিচালক(প্রশাসন/ভোকেশনাল/পিআইডব্লিউ/পিআইইউ/মূল্যায়ণ ও পরিবীক্ষণ)কারিগরি শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

৩। সহকারি পরিচালক(১/২/৩/৪/৫/৬)কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

৫। সংরক্ষণ নথি।

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব
পরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ